



রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

সূত্র: ৭৩/সা.বি.অ/১৩৫ পাট ১৬

তারিখ: ১৩/০৩/২০২৪

ভর্তি পরীক্ষার প্রাথমিক ফলাফল প্রকাশ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইউনিট: A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফলাফল প্রাথমিকভাবে ওয়েবসাইটে প্রকাশ করা হলো। ভর্তির জন্য বিভাগভিত্তিক চূড়ান্ত মেধা তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে।

প্রাথমিক ফলাফলে ন্যূনতম ৪০ নম্বরপ্রাপ্ত ভর্তি পরীক্ষার্থীদের মধ্যে যারা চারুকলা অনুষদভুক্ত তিনটি বিভাগে (১. চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগ, ২. মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগ, ৩. গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ) এবং কলা অনুষদভুক্ত সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ১৭ মার্চ থেকে ২৩ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ফরমপূরণের ওয়েবলিংক: <https://admission.ru.ac.bd/>; উল্লেখ্য যে, এসব বিভাগের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ A ইউনিটভুক্ত অন্যান্য বিভাগে মেধা অনুসারে ভর্তির ক্ষেত্রে বাধা হবে না।

সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা ১৮, ১৯, ২০ এপ্রিল, ২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। এ দুই বিভাগের ব্যবহারিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি ২৭ মার্চ, ২০২৪ তারিখে জানানো হবে। চারুকলা অনুষদের ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষা ১৭ এপ্রিল, ২০২৪ তারিখ দুপুর ১২:০০ থেকে ১:০০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

ইংরেজি বিভাগে লিখিত পরীক্ষায় পাসকৃত পরীক্ষার্থীদের মধ্য হতে MCQ পরীক্ষায় ইংরেজি অংশে প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে ৪টি গ্রুপ থেকে মোট ১০৫৫ জনের তালিকা প্রকাশ করা হলো। তাদের লিখিত পরীক্ষা আগামী ১৭ এপ্রিল, ২০২৪ তারিখ সকাল ১০:০০ থেকে ১১:০০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত উপর্যুক্ত প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ভর্তিচ্ছুদের বিষয় পছন্দক্রম নিয়ে বিভাগভিত্তিক চূড়ান্ত মেধা তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে।

প্রকাশিত ফলাফলে কোনো ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩.০৩.২০২৪

(প্রফেসর ড. এস এম এক্রাম উল্যাহ)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট: A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)
প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪

ও

ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়